# আপনার নূতন জীবন



Bengali

Your Bible

CL 2120

# আপনার বাইবেল

# YOUR BIBLE

(Bengali)

জুডি বারটেল কর্তৃক
এল, জেটার ওয়াকারের
"আপনার বাইবেল" নামক
পুস্তক থেকে নিজে নিজে অধ্যয়নের
উপযোগী করে লিখিত

---

ইন্টারন্যাশনাল করেসপণ্ডেন্স ইনস্টিটিউট
১২৫/১ পার্ক স্ট্রিট, কলিকাতা-৭০০ ০১৭

All Rights Reserved
International Correspondence Institute
Brussels, Belgium.

Printed at
The Assembly of God Church School
(Printing Department)
18/1 Royd Street
Caltutta-700 016

# সূচীপত্র


পৃষ্ঠা

দুটি কথা ........................................ ৫

প্রথম পাঠ ঃ বাইবেল পাঠের উপকারিতা .......... ১১

দ্বিতীয় পাঠ ঃ ঈশ্বর আমাদের যে বইটি দিয়েছেন .. ২২

তৃতীয় পাঠ ঃ বাইবেলে আপনি যা খুঁজছেন তা কিভাবে বের করবেন .......... ৩৭

চতুর্থ পাঠ ঃ পুরাতন নিয়মের বইগুলি .......... ৪৯

পঞ্চম পাঠ ঃ নূতন নিয়মের বইগুলি ................ ৬৭

ষষ্ঠ পাঠ ঃ বাইবেল যে ঈশ্বরের বাক্য তা কিরূপে বুঝব ............................ ৮১

# দুটি কথা

## কেন বইটি পড়বেন

বাইবেল কিভাবে আপনাকে সাহায্য করতে পারে তা কি আপনার কখনও জানতে ইচ্ছা হয়নি ? বাইবেল কি সত্যই মানুষের জন্য ঈশ্বরের বার্তা ? তা কি সত্যই ঈশ্বরের বাক্য ? আর কিভাবেই-বা তা লেখা হয়েছিল ? এই ধরনের অনেক প্রশ্নই হয়ত আপনার মনে জেগেছে। যদি তাই হয় তবে এই বইটি বিশেষ করে আপনারই জন্য লেখা হয়েছে।

অনেক বছর আগে ইস্রায়েলের রাজা দায়ূদ ঈশ্বরের বাক্য সম্বন্ধে তার অনুভূতির কথা বলতে গিয়ে বলেছিলেন, "তোমার বাক্য আমার চরণের প্রদীপ, আমার পথের আলোক" (গীত সংহিতা ১১৯ : ১০৫)। আপনি যে-ই হোন আর যেখানেই থাকুন না কেন, আপনার সমস্যা যা-ই হোক না কেন, যে কোন সিদ্ধান্ত গ্রহণের ব্যাপারে ঈশ্বরের বাক্য থেকে আপনি দায়ূদ রাজার মতই পরিপূর্ণ নিশ্চয়তা পেতে পারেন।

বাইবেল কিভাবে লেখা হয়েছিল, এই পাঠ্য বিষয়টি আপনাকে কেবল সেই বিষয়ে বুঝতে সাহায্য করবে এমন নয়,

বরং আপনার জীবনে প্রতিদিনের পথ প্রদর্শক হিসাবে বাইবেলের উপর নির্ভর করতেও শিখাবে। নিজে নিজে শেখার এক আধুনিক পদ্ধতি এই বইয়ে ব্যবহার করা হয়েছে, যা আপনাকে সহজে শিখতে ও সঙ্গে সঙ্গে সেই শিক্ষা জীবনে প্রয়োগ করতে সাহায্য করবে।

## আপনার লক্ষ্যগুলি কি ?

কোন পাঠ্য বিষয় পড়ে সবচেয়ে ভালফল পেতে হলে আপনাকে নিজের জন্য কতগুলি লক্ষ্য ছিল স্থির করতে হবে, এবং তারপর সেই লক্ষ্যগুলি অর্জনের জন্য সাধ্যমত চেষ্টা করতে হবে। এই পাঠ্য বিষয়ের জন্য নীচের লক্ষ্যগুলি স্থির করে নিন।

বাইবেল কিভাবে ব্যবহার করতে হয় তা শিখুন।

বিশ্বাসীরা বাইবেলকে ঈশ্বরের ব্যক্তিগত বার্তারূপে গ্রহণ করেন কেন তা জেনে নিন।

নিয়মিত বাইবেল পাঠ করুন।

বাইবেলকে বিশ্বাস ও জীবন-যাপনের পথ-প্রদর্শক-রূপে গ্রহণ করুন।

## বইটি সম্পর্কে ঃ

"আপনার বাইবেল" বইটি ছোট আকারে তৈরী করা হয়েছে। যেন এটি আপনি সব সময় আপনার সাথে রাখতে ও সময়-সুযোগ মত পড়তে পারেন। তবে বইখানি পড়বার জন্য প্রতিদিন একটা নির্দিষ্ট সময় আলাদা করে রাখতে চেষ্টা করবেন।

প্রতিটি পাঠের শুরুতে পাঠের লক্ষ্যগুলি দেওয়া হয়েছে। একটা পাঠ থেকে আপনি যে যে বিষয় আশা করেন, লক্ষ্যগুলি আপনাকে তা জানতে সাহায্য করবে। লক্ষ্য আসলে কোন বিশেষ উদ্দেশ্য বা লক্ষ্যস্থলের মত। প্রতিটি পাঠের লক্ষ্যগুলি মনে রাখলে আপনি আরও ভালভাবে শিখতে পারবেন।

## কিভাবে প্রশ্নের উত্তর লিখবেন ঃ

এই বইয়ে বিভিন্ন ধরনের প্রশ্ন আছে। নীচে কয়েক ধরনের প্রশ্নের নমুনা ও কিভাবে সেগুলির উত্তর দিতে হবে তা দেখানো হয়েছে।

**বাছাই প্রশ্নে** আপনাকে বিভিন্ন উত্তরের মধ্য থেকে নির্ভুল উত্তরটি বেছে বের করতে বলা হয়।

## উদাহরণ ঃ

বাইবেলে মোট—

১। ক) ১০০টি বই আছে।

খ) ৬৬টি বই আছে।

গ) ২৭টি বই আছে।

নির্ভুল উত্তরটি হচ্ছে (খ) ৬৬টি বই আছে। সুতরাং পাঠ্য বইয়ে (খ) এর পাশে √ টিক চিহ্ন দিতে হবে। কিভাবে চিহ্ন দেবেন তা নীচে দেখিয়ে দেওয়া হল।

বাইবেলে মোট—

১। ...ক) ১০০টি বই আছে।

√ খ) ৬৬টি বই আছে।

...গ) ২৭টি বই আছে।

(কোন কোন বাছাই প্রশ্নে একটিরও বেশী উত্তর ঠিক হতে পারে, সে ক্ষেত্রে আপনাকে প্রতিটি ঠিক উত্তরের পাশে টিক চিহ্ন দিতে হবে।)

সত্য-মিথ্যা প্রশ্নে আপনাকে সত্য উত্তরগুলি খুঁজে বের করতে বলা হয়।

## উদাহরণ ঃ

নীচের কোন উক্তিগুলি সত্য ?

২। ক) বাইবেলে মোট ১২০ টি বই আছে।

√ খ) বাইবেল বর্তমান কালের বিশ্বাসীদের জন্য একটি বার্তা।

গ) বাইবেলের সব লেখকরাই হিব্রু ভাষায় লিখেছিলেন।

√ ঘ) পবিত্র আত্মা বাইবেলের লেখকদের পরিচালনা দিয়েছিলেন।

খ ও ঘ এর উক্তি দুটি সত্য। তাই উপরে যেমন দেখানো হয়েছে সেই মত খ ও ঘ-এর পাশে আপনাকে টিক চিহ্ন দিতে হবে।

## বইটির লেখক ঃ

লুইজ জেটার ওয়াকার পৃথিবীর বিভিন্ন স্থানের লোকদের আত্মিক প্রয়োজন মেটানোর কাজে তার সারা জীবন অতিবাহিত করেছেন। তিনি খ্রীষ্টিয় পরিচর্যা সম্পর্কে পড়াশুনা করে খ্রীষ্টিয়

শিক্ষায়, বি,এ ও এম,এ ডিগ্রী লাভ করেন। এই উৎসর্গপ্রাণ মহিলা কর্মীর বইগুলিতে পেরু, কিউবা, ওয়েস্ট ইণ্ডিজ ও বেলজিয়ামে তার চল্লিশ বৎসরাধিকাল পরিচর্যা জীবনের অভিজ্ঞতার প্রকাশ ঘটেছে। তিনি সুসমাচার প্রচার ও খ্রীষ্টিয় শিক্ষা বিষয়ক ১৪টি বই এবং অন্যান্য উপকরণও লিখেছেন।

আই-সি-আই এর আন্তর্জাতিক কর্মীগণ এই বইখানিকে নিজে নিজে অধ্যয়নের আধুনিক পদ্ধতি অনুযায়ী সাজানোর কাজে লেখকের সাথে একযোগে কাজ করেছেন। 'আপনার বাইবেল' বইটি তাঁর সকল বইয়ের মধ্যে সবচেয়ে গুরুত্বপূর্ণ এবং তা অধ্যয়নের জন্য আপনাকে আহ্বান জানানো হচ্ছে।

এখন আপনি প্রথম পাঠ শুরু করতে প্রস্তুত। এই বইটির মাধ্যমে ঈশ্বর আপনাকে প্রচুর আশীর্বাদ করুন।